

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩০৭

২/ রাসূলুল্লাহ الصلاة عن رسول الله الله عن رسول الله عن الله

পরিচ্ছেদঃ ১১৭. যুহর ও আসরের নামাযের কিরা'আত

باب مَا جَاءَ فِي الْقِرَاءَةِ فِي الظُّهْرِ وَالْعَصْرِ

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ سِمَاكِ بْنِ حَرْبِ، عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَقْرَأُ فِي الظُهْرِ وَرُبْ عَنْ جَبَّابٍ وَالْسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ وَالسَّمَاءِ وَالطَّارِقِ وَشِبْهِهِمَا . قَالَ وَفِي الْبَابِ عَنْ خَبَّابٍ وَالْعَصْرِ بِالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ وَالسَّمَاءِ وَالطَّارِقِ وَشِبْهِهِمَا . قَالَ أَبُو عِيسَى حَديثُ جَابِرٍ وَأَبِي سَعِيدٍ وَأَبِي قَتَادَةَ وَزَيْد بْنِ ثَابِتٍ وَالْبَرَاءِ بْنِ عَازِبٍ . قَالَ أَبُو عِيسَى حَديثُ جَابِرِ بْنِ سَمُرَةَ حَديثٌ حَسَنٌ . وَقَدْ رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأً فِي الظُّهْرِ قَدْرَ ثَلْاثِينَ قَدْرَ تَنْزِيلُ السَّجْدَةَ . وَرُويَ عَنْ أَلْهُ كَانَ يَقْرَأُ فِي الرَّكْعَةِ الأُولَى مِنَ الظُّهْرِ قَدْرَ ثَلاَثِينَ وَيُو فِي الرَّكْعَةِ الثَّانِيَةِ قَدْرَ خَمْسَ عَشْرَةَ آيَةً . وَرُويَ عَنْ عُمْرَ أَنَّهُ كَتَبَ إِلَى أَبِي مُوسَى أَنْ الْوَرَاءَةِ فِي الطَّهْرِ بَأَوْسَاطِ الْمُفَصِلِ . وَرُويَ عَنْ عُضُ أَهْلِ الْعِلْمِ أَنَّ الْقِرَاءَةَ فِي صَلاَةِ الْمُغَرِبِ يَقْرَأُ بِقِصَارِ الْمُفَصِلُ . وَرُويَ عَنْ إِبْرَاهِيمَ النَّورَاءَة فِي صَلاَةِ الْمُغْرِبِ يَقْرَأُ بِقِصَارِ الْمُفَصِلُ . وَرُويَ عَنْ إِبْرَاهِيمَ الْقَرَاءَةِ فَي النَّقِرَاءَةِ . وَقَالَ إِبْرَاهِيمَ تُصَاعَفُ صَلَاةٍ الظُهْرِ عَلَى صَلاَةِ الْعُصْرِ فِي الْقِرَاءَةِ أَرْبُعَ مِرَارِ .

বাংলা

৩০৭। জাবির ইবনু সামুরা (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহর এবং আসরের নামাযে সূরা "ওয়াস সামায়ি যাতিল বুরূজ', 'ওয়াস সামায়ি ওয়াত তারিকু এ ধরনের (আকার বিশিষ্ট) সূরা পাঠ করতেন। —হাসান সহীহ। সিফাতুস সালাত— (৯৪), সহীহ আবু দাউদ- (৭৬৭)।

এ অনুচ্ছেদে খাব্বাব, আবু সাঈদ, আবু কাতাদা, যাইদ ইবনু সাবিত ও বারাআ (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবু ঈসা বলেনঃ জাবির ইবনু সামুরার হাদীসটি হাসান সহীহ্। এক বর্ণনায় আছে, সাজদা'র মত লম্বা সূরা পাঠ করেছেন। অপর এক বর্ণনায় আছে, তিনি যুহরের প্রথম রাকআতে তিরিশ আয়াত পরিমাণ এবং দ্বিতীয় রাকআতে



পনের আয়াত পরিমাণ কিরাআত পাঠ করতেন। উমার (রাঃ) হতেও বর্ণিত আছে, তিনি আবু মূসা (রাঃ)-কে লিখে পাঠানঃ যুহরের নামাযে মধ্যম (আওসাতে মুফাসসাল) ধরনের সূরা পাঠ কর। কিছু বিদ্বান আসরের নামাযে মাগরিবের নামাযের মত সূরা অর্থাৎ কিসারি মুফাসসাল ধরনের সূরা পাঠ করার পক্ষে মত দিয়েছেন। ইবরাহীম নাখঈ বলেছেন, আসরের নামাযের কিরা'আত মাগরিবের নামাযের কিরা'আতের সমান হবে। তিনি আরো বলেছেন, যুহরের নামাযের কিরা'আত আসরের কিরা'আতের চার গুণ লম্বা হবে।

English

Jabir bin Samurah narrated:

"For Zuhr and Asr, Allah's Messenger would recite: By the heavens, holding the Buruj and (By the heavens and At-Tariq) and similar to them."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন